ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৭৩

আগরতলা, ৮ সেপ্টেম্বর, ২০২৫

## ১০ সেপ্টেম্বর থেকে ‘নতুন ক্রিমিনাল আইন’ শীর্ষক ৫ দিনব্যাপী রাজ্যভিত্তিক প্রদর্শনী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আগামী ১০ সেপ্টেম্বর দুপুর ১২টায় হাঁপানীয়াস্থিত ইন্ডোর প্রদর্শনী হলে ‘নতুন ক্রিমিনাল আইন’ শীর্ষক ৫ দিনব্যাপী রাজ্যভিত্তিক প্রদর্শনীর উদ্বোধন করবেন। এই প্রদর্শনী আগামী ১৪ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এই অনুষ্ঠানে সম্মানীত অতিথি হিসেবে বিধায়ক মীনারাণী সরকার, মুখ্যসচিব জে কে সিনহা এবং রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ উপস্থিত থাকবেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্বরাষ্ট্র দপ্তরের সচিব অভিষেক সিং, পুলিশের অতিরিক্ত মহানির্দেশক (ট্রেনিং)এম রাজা মুরুগন এবং পুলিশের অতিরিক্ত মহানির্দেশক (এপি) জি এস রাও। রাজ্যভিত্তিক এই প্রদর্শনীতে সকলকে উপস্থিত থাকার জন্য ক্রাইম ব্রাঞ্চের আইজিপি এ রমেশ রেড্ডি অনুরোধ জানিয়েছেন।

********